গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
(আইসিটি শাখা)
www.rajshahidiv.gov.bd

**বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব খোন্দকার আজিম আহমেদ এনডিসি<br>বিভাগীয় কমিশনার, রাজশাহী। |
| সভার তারিখ | : ২৭ অক্টোবর ২০২৫ খ্রি. সময় : বিকাল ৩.০০ ঘটিকা। |
| সভার স্থান | : বিভাগীয় কমিশনার, রাজশাহীর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জানানো হয় যে, জনগণের সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে ডিজিটাল সেবা/সেবা সহজিকরণ কার্যক্রম বাস্তবায়ন করছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই প্রোগ্রামের যৌথ উদ্যোগে সারাদেশের ন্যায় রাজশাহী বিভাগেও বিভাগীয় পর্যায়ে নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ স্ব স্ব দপ্তরে বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ কার্যক্রম গ্রহণ করেছেন এবং দপ্তর প্রধানগণ নিয়মিত এ বিষয়ে মনিটরিং করছেন। অত:পর কার্যপত্র অনুযায়ী সভায় নিম্নরূপ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত ২৫ জুন ২০২৫ খ্রি: অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনীর প্রয়োজনীয়তা আছে কিনা তা সদস্যদের নিকট জানতে চাওয়া হয়। সভার সদস্যগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিগত ২৫ জুন ২০২৫ খ্রি: অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ। |
| ২. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার | ২৫ জুন ২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ইনোভেশন টিমের সভায় জেলা ভিত্তিক উদ্ভাবন উদ্যোগ/সেবা সহজিকরণ উদ্যোগ গ্রহণ, উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন, ইনোভেশন টিমের সভা, মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা ও ওয়েবপোর্টাল হালনাগাদকরণ মোট ০৫ টি সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে ৪টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে৷ সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৮০%। | শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের চেষ্টা করতে হবে। | বিভাগীয় ইনোভেশন টিমের সদস্যবৃন্দ। |
| ৩. | জেলা ভিত্তিক উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ | সভায় উপজেলা/জেলা পর্যায়ে যে সকল উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ উদ্যোগ গ্রহণ করা হয়েছে সেগুলোর জেলাভিত্তিক তালিকা করে ২০২৫-২০২৬ অর্থ বছরের চলমান উদ্ভাবনী প্রকল্প নামে জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালে ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে আপলোড করাসহ পাইলট প্রকল্পগুলো | উপজেলা/জেলা পর্যায়ে গৃহীত সকল উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজিকরণ উদ্যোগের জেলা ভিত্তিক তালিকা প্রস্তুত করে ২০২৫-২০২৬ অর্থ বছরের চলমান উদ্ভাবনী প্রকল্প নামে জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার নামে সাব মেন্যুতে বগুড়া জেলার মত আপলোড করতে হবে এবং সকল | ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ।<br><br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাস্তবায়ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং সেক্ষেত্রে শুধুমাত্র বগুড়া জেলায় তালিকা আপডেট পাওয়া গেছে। | উদ্ভাবনী পাইলট প্রকল্পের শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | |
| ৪. | উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন ও মনিটরিং | সভায় মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | গৃহীত উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৫. | ইনোভেশন টিমের সভা | সভায় জেলা ও উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত আয়োজন এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ এবং এ কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ও উপজেলায় ইনোভেশন টিমের সভা আয়োজন করে সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ এবং এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৬. | মাসিক উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা | সভায় উপজেলা/জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন কার্যক্রম নিয়ে আলোচনা করার উপর গুরুত্বারোপ করা হয়। উন্নয়ন সমন্বয় সভায় ইনোভেশন সংক্রান্ত আলোচনা হলে এক দপ্তর অন্য দপ্তরের ইনোভেশন/সেবা সহজিকরণ কার্যক্রম সম্পর্কে জানতে পারবে যা ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়ক হবে। | উপজেলা/ জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী কার্যক্রমের বিষয়ে আলোচনা অব্যাহত রাখতে হবে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ। |
| ৭. | ওয়েবপোর্টাল হালনাগাদ | জেলা ও বিভাগীয় পর্যায়ের ওয়েব পোর্টাল পর্যালোচনায় নিম্নরুপ তথ্য পাওয়া যায় (০২/১১/২০২৫ তারিখের রিপোর্ট ):<br>১। বিভাগীয় পর্যায়ের অফিস: বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৮৬% ।<br>২। জেলা পর্যায়ের অফিসসমূহ:<br>সিরাজগঞ্জ: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ৯৬.১০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৮৮%।<br>পাবনা: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৯২%।<br>বগুড়া: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৯৯.০৭%।<br>রাজশাহী: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৮৫%।<br>নাটোর: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৮৭%।<br>জয়পুরহাট: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৯৪%।<br>চাঁপাইনবাবগঞ্জ: জেলা প্রশাসকের | জেলা ও বিভাগীয় পর্যায়ের নিজ দপ্তরসহ আওতাধীন প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য এবং রিপোর্টসমূহ ১০০% হালনাগাদের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। বিভাগীয় ইনোভেশন টিমের সদস্য/বিভাগীয় দপ্তর প্রধানগণ।<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ।<br>৩। সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৯০%।<br>নওগাঁ: জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পূর্ণতার হার ১০০% এবং অন্যান্য অফিসসমূহের সম্পূর্ণতার হার ৮৬% । | | |

আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


খোন্দকার আজিম আহমেদ এনডিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী।
ফোন: ০২৫৮৮৮৫৭২৩৩
email-divcomrajshahi@mopa.gov.bd


স্মারক নং- ০৫.৪৩.০০০০.০১৭.০২.০০১.২৫. ২৬ তারিখঃ ২১/০৭/১৪৩২ বঙ্গাব্দ
০৬/১১/২০২৫ খ্রিষ্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
৬) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
৭) অতিরিক্ত উপ-মহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী।
৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট।
১০) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
১১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।
১২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
১৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
১৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
১৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।
১৬) প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
১৭) পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, রাজশাহী।
১৮) পরিচালক, বিভাগীয় মৎস অধিদপ্তর, রাজশাহী।
১৯) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী।
২০) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী।
২১) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল।
২২) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ।
২৩) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী বিভাগ। ( বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

০৬/১১/২৫


মোঃ রেজাউল আলম সরকার
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি)
রাজশাহী বিভাগ।
ফোন: ০২৫৮৮৮৫৭১০২
email-divcomrajshahi@mopa.gov.bd